**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা পরিষদ কার্যালয়**
**ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।**

**বিষয়** ঃ **উপজেলা পরিষদের জুলাই ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।**
সভাপতি ঃ মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
সভার তারিখ ও সময়ঃ ৯ নভেম্বর ২০২৩ সময়: বেলা ১২ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

**(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট হাজিরা বহিতে সংরক্ষিত রয়েছে)**

**উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আজকের সভাটি পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বিভাগ/দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করেন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।**

১ **বিগত সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা ঃ**

**উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সারসংক্ষেপ সভায় উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ থাকলে তা সভায় উপস্থাপনের জন্য সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে অনুরোধ জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।**

২ **উপজেলা প্রকৌশল দপ্তরঃ**

উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১২টি বিদ্যালয় হস্তান্তরিত হয়েছে। অবশিষ্ট ১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজ চলমান। IRIDP-3 প্রকল্পের আওতায় ০৪ (চার) টি রাস্তার কাজ চলমান। GOBM আওতায় ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের ১ (এক)টি রাস্তার কাজ চলমান। সভায় উপজেলা শহর (নন্-মিউনিসিপ্যাল) মাস্টার প্লান প্রনয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ভূরুঙ্গামারী বাসস্ট্যান্ড থেকে ১৪০০ মিটার রাস্তার কাজের স্বার্থে রাস্তার দুপার্শ্বে যাদের ঘর-বাড়ি, দোকানপাট যাই থাকুক তা অপসারণ করার জন্য অনুরোধ জানানো হয়। সভায় উপজেলা প্রকৌশলী আরো জানান ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপির কাজ আগামী মার্চ/২০২৪ মাসের মধ্যেই শেষ হয়ে যাবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সভায় উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম উপজেলা পরিষদের বিভিন্ন অফিস, বাসা-বাড়ি, পুকুর, রাস্তা ঘাট মেরামতের জন্য ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে "উপজেলা উন্নয়ন সহায়তা" থোক (কোড নং-২২১০০০৪০০) হতে অতিরিক্ত বরাদ্দ হিসেবে ২২ (বাইশ) লক্ষ টাকার নিম্নবর্ণিত প্রকল্পগুলো সরকারি মঞ্জুরী প্রদানের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের নিমিত্ত অনুরোধ জানান।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়ন | চাহিদা (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও সংস্কার করণ। | PPR | ৭.০০ |
| ২. | উপজেলা পরিষদের আবাসিক কোয়ার্টার মেরামত ও সংস্কার করণ। | PPR | ৫.০০ |
| ৩. | উপজেলা পরিষদের সংযোগ রাস্তা সিসি করণ। | PPR | ৫.০০ |
| ৪. | উপজেলা পরিষদের সামনে গাড়ী পার্কিং সংস্কার ও সিসি করণ। | PPR | ৫.০০ |
| | | সর্বমোট= | ২২.০০ |

**সিদ্ধান্তঃ** উপজেলা শহর (নন্-মিউনিসিপ্যাল) মাস্টার প্লান প্রনয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ভূরুঙ্গামারী বাসস্ট্যান্ড থেকে ১৪০০ মিটার রাস্তার কাজের স্বার্থে রাস্তার দুপার্শ্বে যাদের ঘর-বাড়ি, দোকানপাট যাই থাকুক তা দ্রুত অপসারণ বিষয়ে সভায় উপস্থিত সবাই সহমত পোষণ করেন এবং জনস্বার্থে রাস্তার দুপার্শ্বে যাদের ঘর-বাড়ি, দোকানপাট রয়েছে তা দ্রুত অপসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ/এডিপি বিশেষ বরাদ্দ দ্বারা গৃহীত প্রকল্প সমূহ যথাসময়ে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্পগুলো অনুমোদনসহ মঞ্জুরী প্রদানের নিমিত্ত যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।
**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩ **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস ঃ**

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। তিনি সভায় জানান শিংঝাড় কমিউনিটি ক্লিনিকে যাওয়ার রাস্তাটি বর্ষাকালে যাতায়াতের অনুপযোগী হয়ে পড়ে। রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামত/সংস্কার করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্তঃ** জনস্বার্থ বিবেচনায় বর্ণিত রাস্তাটি মেরামত/সংস্কার করা প্রয়োজন। উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে রাস্তাটি সরেজমিন পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সভায় অনুরোধ জানানো হয়। হাসপাতালে আগত জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৪ **উপজেলা প্রাণিসম্পদ অফিসঃ**

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান সমগ্র উপজেলায় ছাগলের বিনামূল্যে ৬০০ টিকা প্রদান করা হয়েছে। তাছাড়া তিনি সভায় আরো জানান ভূরুঙ্গামারী হাটে গরু জবাই এর স্থানটি ময়লা-আবর্জনায় ভরে থাকে। ফলে মশা-মাছি রোগ-জীবানু ছড়ায়। এতে করে স্বাস্থ্যহানী ঘটে থাকে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ ভূরুঙ্গামারী হাটে গরু জবাই এর স্থানটি জনস্বাস্থ্য বিবেচনায় সবসময় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য ইজারাদারকে সভায় অনুরোধ জানানো হয়। সভায় উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়।

৫ **উপজেলা শিক্ষা অফিস ঃ**

উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্তঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৬ **উপজেলা রিসোর্স সেন্টার ঃ**

উপজেলা রিসোর্স সেন্টার ঃ ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

**সিদ্ধান্তঃ** তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

**বাস্তবায়নেঃ** ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৭ **উপজেলা কৃষি অফিস ঃ**

সভায় উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় সুষ্ঠুভাবে গম বীজ বিতরণ কার্যক্রমে তালিকা প্রণয়ণে সহযোগিতা করায় ইউপি চেয়ারম্যানগণকে সভায় ধন্যবাদ জানান। তিনি সভায় হাইব্রীড ধান বীজ বিতরণ কার্যক্রমে তালিকা প্রণয়ণে ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। চলতি রবি মৌসুমে সারের কোন সংকট নেই মর্মে সভায় অবহিত করেন।

**সিদ্ধান্তঃ** কৃষি বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখাসহ প্রণোদনা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে সভায় পরামর্শ প্রদান করা হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৮ **উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর ঃ**

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় জানান খাদ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**সিদ্ধান্তঃ** খাদ্য বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৯ **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ**

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

**সিদ্ধান্তঃ** মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণসহ কারিকুলাম অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে কি না সে বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে বিদ্যালয় পরিদর্শন পূর্বক আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।

**বাস্তবায়নে:** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১০ **উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ**

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

**সিদ্ধান্ত:** পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

**বাস্তবায়নে:** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১১ **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ**

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।
**সিদ্ধান্ত:** মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।
**বাস্তবায়নে:** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১২ **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ**

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। ভূরুঙ্গামারী উপজেলায় জাতীয় যুব দিবস সুষ্ঠুভাবে পালিত হওয়ায় তিনি সভায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।
**সিদ্ধান্ত:** উপজেলা যুব উন্নয়ন অফিসের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।
**বাস্তবায়নে:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৩ **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ**

উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।
**সিদ্ধান্ত:** জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।
**বাস্তবায়নে:** উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৪ **উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ**

উপজেলা পরিসংখ্যান অফিসারের প্রতিনিধি সভায় জানান পরিসংখ্যান বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।
**সিদ্ধান্ত:** পরিসংখ্যান বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য বলা হয়।
**বাস্তবায়নে:** উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৫ **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ**

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
**সিদ্ধান্তঃ** তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।
**বাস্তবায়েনেঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৬ **ইসলামিক ফাউন্ডেশন ঃ**

ইসলামিক ফাউন্ডেশন ও ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
**সিদ্ধান্তঃ** তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।
**বাস্তবায়নেঃ** ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৭ **উপজেলা সমাজসেবা অফিস ঃ**

উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।
**সিদ্ধান্তঃ** উপজেলা সমাজসেবা অফিসারকে সমাজ সেবা বিভাগের কার্যক্রমের গতিশীলতা ফিরিয়ে আনার জন্য এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সকল ভাতাভোগীদের ভাতা প্রদান কার্যক্রমে অধিকত দায়িত্বশীলতার সঙ্গে পালন করার পরামর্শ প্রদান করা হয়।
**বাস্তবায়নেঃ** উপজেলা সমাজ সেবা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৮ **পল্লী বিদ্যুৎ সমিতি ঃ**

ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
**সিদ্ধান্তঃ** তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।
**বাস্তবায়নেঃ** ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৯ **কাস্টম্‌স বিভাগ ঃ**

সভায় রাজস্ব কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
**সিদ্ধান্তঃ** তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।
**বাস্তবায়নেঃ** রাজস্ব কর্মকর্তা, জয়মনিরহাট, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২০ **ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ**

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান টি.আর/কাবিখা এর ১ম পর্যায়ের কাজ চলছে। ইজিপিপি এর কাজ আগামী ১১/১১/২০২৩ তারিখ থেকে শুরু হবে। আজকের মধ্যে তালিকা প্রদানের জন্য তিনি সভায় ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি সভায় আরো জানান এইচবিবি কাজের টেন্ডার আজকে লটারী মাধ্যমে নির্ধারণ করা হবে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।
**সিদ্ধান্ত:** বিভাগীয় কার্যক্রমকে গতিশীল রাখার জন্য এবং গৃহীত প্রকল্প যথাসময়ে বাস্তবায়নের জন্য সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।
**বাস্তবায়নে:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২১ **মৎস্য বিভাগঃ**

উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**সিদ্ধান্ত:** মৎস্য বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২২ **পরিবার পরিকল্পনা বিভাগঃ**

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান আগামী ২৫-৩০ নভেম্বর ২০২৩ পরিবার পরিকল্পনা সেবা সপ্তাহ উদ্‌যাপিত হবে। তিনি সভায় সকল ইউপি চেয়ারম্যানগণের সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় পাইকেরছড়া ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রের বাউন্ডারী ওয়ালের নিচে মাটি ভরাটের আবেদন জানান।

**সিদ্ধান্ত:** পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে এবং চেয়ারম্যান, পাইকেরছড়া ইউনিয়ন পরিষদকে মাটি ভরাটের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানানো হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৩ **সমবায় বিভাগঃ**

উপজেলা সমবায় অফিসার সভায় ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সিদ্ধান্ত: সমবায় বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৪ **আইসিটি বিভাগঃ**

সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান' তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সংশ্লিষ্ট সকলকে আগামী ৭ দিনের মধ্যে ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্তঃ সকল দপ্তরের স্ব-স্ব কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে : সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়/ইউপি চেয়ারম্যান (সকল)/সংশ্লিষ্ট দপ্তর প্রধান, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৫ **বনবিভাগ ঃ**

ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান বঙ্গসোনাহাট ইউনিয়নের মাহিগঞ্জ মৌজার রাস্তার গাছ এবং জয়মনিরহাট ইউনিয়নের বকুলতলী রাস্তার গাছ নিলামে বিক্রির জন্য আগামী ১৪/১১/২০২৩ তারিখ সিডিউল ক্রয়ের শেষ দিন। এ বিষয়ে তিনি সভায় সকলের সহযোগিতা কামনা করেন। বনবিভাগের কার্যক্রম যথারীতি চলছে মর্মে সভায় জানানো হয়।

সিদ্ধান্তঃ বন বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য ফরেষ্টার, বনবিভাগ, ভুরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ ফরেষ্টার, বনবিভাগ, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৬ **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ**

ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্তঃ পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভুরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৭ উপজেলা নির্বাচন অফিস ঃ

উপজেলা নির্বাচন অফিসার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্তঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। বাস্তবায়নেঃ উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৮ **মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন সংক্রান্ত ঃ**

সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড,, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় এ উপজেলায় বীরমুক্তিযোদ্ধাদের কার্যক্রম যথারীতি চালু রয়েছে। কোন অসুবিধা নেই।

সিদ্ধান্ত: বীরমুক্তিযোদ্ধাদের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৯ বিএডিসি (সেচ) ঃ

উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

বিএডিসি (সেচ):

সিদ্ধান্ত: তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩০ জয়মনিরহাট ইউনিয়ন পরিষদঃ

চেয়ারম্যান, জয়মনিরহাট ইউনিয়ন পরিষদ, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি জনস্বার্থে জয়মনিরহাট বাজারের পরিত্যক্ত ল্যাট্রিন ভেঙ্গে নতুন ল্যাট্রিন নির্মাণের অনুরোধ জানান।

সিদ্ধান্ত: জয়মনিরহাট বাজারের পরিত্যক্ত ল্যাট্রিন ভেঙ্গে নতুন ল্যাট্রিন নির্মাণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ইউনিয়ন পরিষদের কার্যক্রমকে সর্বাক্ষনিক গতিশীল রাখার জন্য সভায় চেয়ারম্যান, জয়মনিরহাট ইউনিয়ন পরিষদ, ভুরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/চেয়ারম্যান, জয়মনিরহাট ইউনিয়ন পরিষদ, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩১ বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ:

চেয়ারম্যান, বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় চৌধুরী বাজারের ভাঙ্গা ব্রীজটি মেরামত/সংস্কার করাসহ প্রভাতী প্রকল্পের আওতায় বাজারের বটগাছটি কর্তনের অনুরোধ জানান। তিনি সভায় সোনাহাট কলেজ মোড়ের চর ভুরুঙ্গামারী রোডের ঝুঁকিপূর্ণ মরা শিশু গাছটি কর্তনের অনুরোধ জানান।

সিদ্ধান্ত: চৌধুরী বাজারের ভাঙ্গা ব্রীজটি মেরামত/সংস্কারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, ভুরুঙ্গামারী, কুড়িগ্রামকে এবং বর্ণিত গাছ ২টি বিধি মোতাবেক কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ, ভুরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রকৌশলী/চেয়ারম্যান, বঙ্গসোহাট ইউনিয়ন পরিষদ, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩২ উপজেলা পরিষদঃ

(ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ০৮ অক্টোবর ২০২৩ তারিখের ৪৯.০৪.০০০০.০০৫.০৫.০৩২.২০২০ (অংশ-০৪)-৩৭৭ নং ডি.ও পত্র খানা সভায় পাঠ করেন শুনান। বর্ণিত ডি.ও পত্রের নির্দেশনা অনুযায়ী বিদেশ ফেরত কর্মীদের পুন:একত্রীকরণ তথা আত্মকর্মসংস্থানের লক্ষ্যে Recovery and Advancement of informal Sector Emplyment (RAISE): Reintegration of Returning migrants শীর্ষক প্রকল্প বাস্তবায়নে ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। তাছাড়া তিনি সরকারের সার্বজনীন পেনশন স্কীম চালুর বিষয়ে সর্বস্তরের জনগণকে উদ্বুদ্ধ করতে ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ বিদেশ ফেরত কর্মীদের পুন:একত্রীকরণ তথা আত্মকর্মসংস্থানের লক্ষ্যে **Recovery and Advancement of informal Sector Emplyment (RAISE): Reintegration of Returning migrants** শীর্ষক প্রকল্প বাস্তবায়নে এবং সরকারের সার্বজনীন পেনশন স্কীম চালুর বিষয়ে সর্বস্তরের জনগণকে উদ্বুদ্ধ করতে ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নেঃ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান/ইউপি চেয়ারম্যান (সকল) ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(খ) উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান উপজেলা পরিষদের কোন সদস্য পর পর ৩টি মিটিং এ অনুপস্থিত থাকলে তাকে কারণ দর্শাতে হবে। তিনি টি.আর/কাবিখা প্রকল্পের কাজ ১০০% দৃশ্যমান করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি টি.আর/কাবিখা প্রকল্পের সভাপতির নামে ব্যাংক হিসাব খোলার জন্য সভায় সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানান। সিদ্ধান্ত: উপজেলা পরিষদের কোন সদস্য পর পর ৩টি মিটিং এ অনুপস্থিত থাকলে তাকে কারণ দর্শানোর সিদ্ধান্ত গৃহীত হয়। টি.আর/কাবিখা প্রকল্পের কাজ ১০০% দৃশ্যমান করার জন্য এবং টি.আর/কাবিখা প্রকল্পের সভাপতির নামে ব্যাংক হিসাব খোলার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নেঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা গত অক্টোবর/২০২৩ মাসের খরচের বিবরণী সভায় উপস্থাপন করেন। জনস্বার্থে ও অফিসের জরুরী প্রয়োজনে ব্যয়সমূহ করা হয়েছে। বিধায় তা অনুমোদনের জন্য অনুরোধ জানান।

মাসের নাম: অক্টোবর/২০২৩

| নং | ব্যয়ের বিবরণী | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে অক্টোবর/২০২৩ মাসের সম্মানী ভাতা ও বাসাভাড়া বিল প্রদান | ৪৫,০০০/- |
| ২. | জনাব মোঃ জালাল উদ্দিন মন্ডল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে অক্টোবর/২০২৩মাসের সম্মানী ভাতা বিল প্রদান | ২৭,০০০/- |
| ৩. | জনাব মোছাঃ শাহানারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদে অক্টোবর/২০২৩মাসের সম্মানী ভাতা বিল প্রদান | ২৭,০০০/- |
| ৪. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে অক্টোবর/২০২৩মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ১১,২৫০/- |
| ৫. | জনাব মোঃ জালাল উদ্দিন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে অক্টোবর/২০২৩মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ৮০০০/- |
| ৬. | জনাব মোছাঃ শাহানারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে অক্টোবর/২০২৩ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ৮০০০/- |
| ৭. | মোঃ শাহিনুর আলম, মালী, উপজেলা পরিষদকে অক্টোবর/২০২৩মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৯৫০/- |
| ৮. | মোঃ আমিনুর রহমান, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে অক্টোবর/২০২৩ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৯৫০/- |
| ৯. | মোঃ আঃ হামিদ, পাহাড়াদার, উপজেলা পরিষদকে অক্টোবর/২০২৩মাসের মজুরী বাবদ বিল প্রদান | ২০০০/- |
| ১০. | মোঃ আঃ রহিম বাদশা, পানির পাম্পচালক, উপজেলা পরিষদকে অক্টোবর/২০২৩ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১০০০/- |
| ১১. | মোঃ আবুল হোসেন, উপজেলা পরিষদ ক্যান্টিন, ভূরুঙ্গামারীকে অক্টোবর/২০২৩মাসের আপ্যায়ন বিল প্রদান (ভ্যাটসহ) | ৩০,০০০/- |
| ১২. | মোঃ আসাদুজ্জামান, আসাদ ফটোস্ট্যাট, ভূরুঙ্গামারীকে অক্টোবর/২০২৩ মাসের আনুসাঙ্গিক খরচের বিল প্রদান (ভ্যাটসহ) | ৫,০০০/- |
| ১৩. | মোঃ সাইদুর রহমান, লাইনম্যান, মালা সাইবার ওয়ার্ল্ড অক্টোবর/২০২৩ মাসের ইন্টারনেট বাবদ বিল প্রদান (ভ্যাটসহ) | ৬,৩০০/- |

| | | |
|---|---|---|
| ১৪. | শ্রীমতি সোভারানী, ভূরুঙ্গামারী অক্টোবর/২০২৩ মাসের উপজেলা পরিষদ চত্বর পরিস্কারকরণের মজুরী বিল প্রদান | ৫,০০০/- |
| ১৫. | মোঃ ফজল হক, পানির পাম্প বরিং মিস্ত্রি, দেওয়ানের খামার। উপজেলা পরিষদ অডিটোরিয়ামের পানির পাম্প বরিং এর মজুরী বিল প্রদান | ২৪৫০০/- |
| ১৬. | মোঃ নুর হোসেন, মেসার্স আজিরন ট্রেডার্স, হাসপাতাল রোড। উপজেলা পরিষদ অডিটোরিয়ামের পানির পাম্প বরিং মিস্ত্রি, দেওয়ানের খামার। উপজেলা পরিষদ অডিটোরিয়ামের পানির পাম্প বরিং এর পাইপসহ অন্যান্য মালামাল সরবরাহ বিল প্রদান | ২৪৯৫০/- |
| ১৭. | মোঃ মোস্তাফিজুর রহমান, সাঁট মুদ্রাক্ষরিক, উপজেলা পরিষদ। পশ্চিম ছাট গোপালপুর সপ্রাবি ঝড়ে পড়া ঝুঁকিপূর্ণ গাছ কর্তনের বিল | ৮০০০/- |
| ১৮. | মোঃ শাহজান আলী, , পশ্চিম ছাট গোপালপুর। অগ্নি সংযোগে দোকান পুড়ে যাওয়ায় সাহায্যে জন্য আবেদন। | ৫০০০/- |
| ১৯. | মোঃ আঃ রাজ্জাক, বাগভান্ডার। ঝড়ে ঘর ভেঙ্গে যাওয়ায় আর্থিক সাহায্যের আবেদন। | ৭০০০/- |
| ২০. | মোঃ আবুল কালাম, কামাত আঙ্গারীয়া। ঝড়ে ঘর ভেঙ্গে যাওয়ায় আর্থিক সাহায্যের আবেদন। | ৫০০০/- |
| ২১. | মোঃ বাহাজ আলী, পাথরডুবী। ঘর বাড়ি ঘূর্ণিঝড়ে ক্ষয়ক্ষতি জন্য আর্থিক সাহায্যের আবেদন। | ৫০০০/- |
| ২২. | মোঃ আঃ রহিম, খামার আন্ধারীঝাড়। অতি বৃষ্টি কারণে ঘর ভেঙ্গে যাওয়ায় আর্থিক সাহায্যের আবেদন | ১০০০০/- |
| ২৩. | মোহাম্মদ আলী মন্ডল, পাইকেরছড়া। বন্যায় বাড়ী ঘর ক্ষতিগ্রস্থ হওয়ার আর্থিক সাহায্যের আবেদন। | ৫০০০/- |
| ২৪. | মোঃ ছুরাপ আলী, ধাউরারকুটি। অতি বর্ষণে ক্ষতিগ্রস্থ ঘর মেরামতের জন্য সাহায্যের আবেদন। | ৫০০০/- |
| ২৫. | মোঃ বাদশা মিয়া, শালজোড়। আর্থিক সাহায্যের জন্য আবেদন। | ৭০০০/- |
| ২৬. | মোছাঃ আনোয়ারা বেগম, ঈশ্বরবরুয়া। ঝড়ে ঘর ভেঙ্গে যাওয়ায় আর্থিক সাহায্যের আবেদন। | ৫০০০/- |
| ২৭. | মোঃ আব্দুল হামিদ, দেওয়ানের খামার। ঝড়ে ঘর ভেঙ্গে যাওয়ায় আর্থিক সাহায্যের আবেদন। | ৫০০০/- |
| ২৮. | মোঃ মোফাজ্জল হোসেন, নলেয়া। ঝড়ে ঘর ভেঙ্গে যাওয়ায় আর্থিক সাহায্যের আবেদন। | ৫০০০/- |
| ২৯. | মোঃ শের আলী, পাইকেরছড়া। ঝড়ে ঘর ভেঙ্গে যাওয়ায় আর্থিক সাহায্যের আবেদন। | ১০০০০/- |
| ৩০. | মোছাঃ মরিয়ম বিবি, উত্তর ধলডাঙ্গা। কাল বৈশাখী ঝড়ে ক্ষতিগ্রস্থ ঘর মেরামতের জন্য সাহায্যের আবেদন। | ৫০০০/- |
| ৩১. | মোঃ আবেদ আলী, পাইকেরছড়া। ঘর মেরামতের জন্য আর্থিক সাহায্যের আবেদন। | ৫০০০/- |
| ৩২. | মোঃ কাচু শেখ, দেওয়ানের খামার। ঝড়ে ঘর ভেঙ্গে যাওয়ায় আর্থিক সাহায্যের আবেদন। | ৫০০০/- |
| ৩৩. | মোছাঃ নবিজা বেগম, গছিডাঙ্গা। ঝড়ে ঘর ভেঙ্গে যাওয়ায় আর্থিক সাহায্যের আবেদন। | ৬০০০/- |
| ৩৪. | মোঃ নাছিমুল হক মন্ডল, দেওয়ানের খামার। ঝড়ে ঘর ভেঙ্গে যাওয়ায় আর্থিক সাহায্যের আবেদন। | ২০০০০/- |
| ৩৫. | মালা রানী বসাক, দেওয়ানের খামার। ঝড়ে ঘর ভেঙ্গে যাওয়ায় আর্থিক সাহায্যের আবেদন। | ৫০০০/- |
| ৩৬. | মোছাঃ হাছনা বেগম, গোপালপুর। ঘর মেরামতের আর্থিক সাহায্যের আবেদন। | ২০০০/- |
| ৩৭. | বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক আলোকিত বাংলাদেশ, ঢাকা। ইউজিডিপি প্রকল্পের দরপত্র বিজ্ঞপ্তি নং-৪/২০২৩-২৪ এর বিল | ১২৪২০/- |
| ৩৮. | বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ট্রাইবুনাল, ঢাকা। ইউজিডিপি প্রকল্পের দরপত্র বিজ্ঞপ্তি নং-৪/২০২৩-২৪ এর বিল | ৭৪৯৩/- |
| ৩৯. | বিজ্ঞাপন ম্যানেজার, কালের কণ্ঠ, ঢাকা। ভূরুঙ্গামারী উপজেলার হাট-বাজারসহ ১৪৩০ বাংলা সনে বিজ্ঞপ্তি এর বিল | ১৬৫৬০/- |
| ৪০. | বিজ্ঞাপন ম্যানেজার, যুগান্তর, ঢাকা। সোনাতলী পুকুরের ১৪৩০,১৪৩১ ও ১৪৩২ বাংলা সনে বিজ্ঞপ্তি এর বিল | ১৬৫৬০/- |
| ৪১. | মোঃ আবুল কালাম, ইউপি সদস্য তিলাই। উপজেলা হিসাব রক্ষণ কার্যালয়ের অফিস কক্ষ মেরামত করণ। | ২০০০০০/- |

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ জনস্বার্থে করা হয়েছে বিধায় উক্ত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা এবং সকল সদস্য সময়মত মিটিং এ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। ভূরুঙ্গামারী হাটে বায়োগ্যাস স্থাপনের অনুরোধ জানানো হয়। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি প্রকল্পসহ অন্যান্য প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য সভায় উপজেলা প্রকৌশলী/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নুরুন্নবী চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৬.০০৪.২৩-১১৬৭

তারিখঃ ২৪ কার্তিক ১৪৩০
০৯ নভেম্বর ২০২৩

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫ কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৫। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৯। উপজেলা ............................................................................................... অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১০। চেয়ারম্যান, ........................................... ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১১। জনাব ..........................................................................................................................................
১২। অফিস কপি।

০৯/১১/২৩

(মোঃ গোলাম ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।